

Powering Sydney's Future

POTTS HILL থেকে ALEXANDRIA পর্যন্ত ট্রান্সমিশন ক্যাবল প্রকল্প

সিডনির সিবিডি এবং আশপাশের এলাকায় নিরাপদ ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে একটি নতুন ভূগর্ভস্থ ক্যাবল লাইন স্থাপনের কাজ এগিয়ে যাচ্ছে। এই নিউজ লেটারটি অ্যাশবারি এবং আলেকজান্দ্রিয়ার মধ্যবর্তী ক্যাবল রুটের কাজের অগ্রগতি সম্পর্কিত একটি আপডেট।

TransGrid এর Powering Sydney's Future (ভবিষ্যৎ সিডনির বিদ্যুতায়ন) প্রকল্পে Potts Hill এবং Alexandria এর মধ্যে ৩৩০কেভি ক্ষমতাসম্পন্ন ভূগর্ভস্থ একটি নতুন বিদ্যুৎ লাইন স্থাপন করা হবে, সেই সাথে ভবিষ্যতে নগরীর বিদ্যুৎ চাহিদা নিরসনে তিনটি সাবস্টেশনকে আধুনিকায়ন করা হবে।

নির্মাণকাজের হালনাগাদ তথ্য

ক্যাবল রুটের সবগুলো রাস্তায় কন্ডুইটের (প্লাস্টিকের পাইপ) জন্য পরিখা খনন করা হবে যেগুলোর ভেতর দিয়ে নতুন ক্যাবলগুলো টানা হবে। Ashbury এবং Alexandria মধ্যকার সেকশনে পরিখা খননের কাজ অনেকখানি এগিয়ে গেছে।

ক্যাবল রুটের যেসকল সেকশনে ক্যাবলগুলোকে কন্ডুইটের ভেতর দিয়ে টেনে তারপূর সংযুক্ত করা হয়ে সেই সেকশনগুলোতে আমরা নিয়মিত বিরতিতে 'জয়েন্ট বেও' নির্মাণ করছি।

কিছু কিছু জায়গায় আমরা নতুন ক্যাবল স্থাপনের জন্য রাস্তা কিংবা নালার নিচ দিয়ে আন্ডারবোর নির্মাণ করছি।

গাড়ি চলাচল স্বাভাবিক রাখতে কাজের অগ্রগতির সাথে সাথে রাস্তাগুলোকে অস্থায়ীভাবে সংস্কার করা হচ্ছে। পুরো প্রকল্প শেষ হওয়ার পর, আমরা রাস্তার স্থায়ী সংস্কার কাজে হাত দেব।

আমাদের নির্মাণ কাজের সাধারণ সময় হল সোম থেকে শুক্রবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬ টা এবং শনিবার সকাল ৮ টা থেকে দুপুর ১ টা। এর মধ্যে কিছু কিছু কাজ নির্দিষ্ট সময়ের বাইরে চলবে।

নির্মাণ কাজের অগ্রগতি - ইনার ওয়েস্ট এবং সিটি অব সিডনি এলাকা।

পরিষ্কার নির্মাণ কাজঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

মাটির নিচে খননঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

ব্রিজের নির্মাণ কাজঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

স্থায়ী সংস্কারঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে



Ashfield এর Old Canterbury Road এ রাতের বেলার পরিখা খননের কাজ

নির্দিষ্ট সময়ের বাইরে নির্মাণ কাজ

যদিও প্রকল্পের লক্ষ্য হল সাধারণ নির্মাণ কাজের সময়েই বেশীরভাগ কাজ শেষ করা, কখনো কখনো সারারাত কিংবা ছুটির দিনে কাজ চলবে। যেমন রাতের বেলা কাজের ফলে প্রধান প্রধান সড়কগুলোর উপর প্রভাব কমিয়ে আনা যাবে যেখানে দিনের বেলায় প্রচুর গাড়ি চলাচল করে।

যখন সাধারণ সময়ের বাইরে কাজের প্রস্তাব দেওয়া হয়, আমরা আমাদের এলাকার উপর প্রভাব কমাতে এবং যত তাড়াতাড়ি সম্ভব কাজটি সম্পন্ন করতে নির্মাণ কাজের সম্ভাব্য বিকল্পগুলির জন্য কমিউনিটি এবং সড়ক কর্তৃপক্ষের সাথে পরামর্শ করি।

রাতের বেলায় কাজের সময় শব্দ কমিয়ে আনার জন্য আমরা কিছু ব্যবস্থা গ্রহণ করি, যেমন শব্দ তৈরি করে এমন কাজগুলো যত দ্রুত সম্ভব শেষ করা এবং নির্মাণ স্থানের চারপাশে শব্দরোধী ব্ল্যাঙ্কেট ব্যবহার করা।

নতুন ক্যাবল এবং সাইকেল পথ নির্মাণের কাজ চলছে।

St Peters এর Bedwin Road এ একটি নতুন ক্যাবল ব্রিজ এবং সাইকেল পথ নির্মাণের কাজ চলছে।

জুলা মার্চের শুরুতে এই ব্রিজটির স্প্যানগুলি নিরাপদে ইনস্টল করতে দুটি ক্রেন ব্যবহার করে দিনরাত কাজ করেছিল।



আপনাকে অবগত রাখা

আপনার এলাকায় কাজ শুরু হওয়ার সাত দিন আগে, কিংবা যদি পুনরায় কোন কাজ শুরু হওয়ার থাকে তাহলে তা আপনাকে জানানো হবে।

আমরা যদি দেখতে পাই যে আমাদের কাজ অস্বাভাবিকভাবে আপনার বাড়ির প্রবেশ মুখে বাধার সৃষ্টি করতে পারে, সেক্ষেত্রে আমরা আপনার সাথে এ ব্যাপারে কথা বলব এবং এই বাধা কমিয়ে আনার উপায় খুঁজে বের করব।

আপনার প্রশ্ন কিংবা উদ্বেগ

প্রকল্পটি সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন কিংবা উদ্বেগ থেকে থাকে তাহলে দয়া করে নিচে দেয়া নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন।

প্রকল্পের প্রভাব কমিয়ে আনার জন্য আপনার সাথে কাজ করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ এবং আজ অবধি যারা আমাদের সাথে যোগাযোগ করেছেন তাদের সকলকে আমরা ধন্যবাদ জানাই। প্রকল্পের অগ্রগতির সাথে সাথে আমরা যে ধরণের তথ্য দিয়ে থাকি এবং কতদিন পর পর আমরা কাজের অগ্রগতির তথ্য সরবরাহ করি সে ব্যাপারে দিক নির্দেশনা দিতে কমিউনিটির মতামত আমাদের সাহায্য করে।



ক্যাবল রুটে প্রায় প্রতি ৯০০ মিটার অন্তর জয়েন্ট বে স্থাপন করা হয়, এবং পরিষ্কার চেয়ে চওড়াভাবে এগুলো নির্মাণ করা হয়।



ক্যাবল ড্রাম থেকে ক্যাবল টেনে পরিষ্কার কন্ডুইটের ভেতর টানার সময় একটি বড় আকারের ট্রাক রাস্তায় পার্ক করা থাকবে।



131 450

দোভাষীর জন্য অনুগ্রহ করে **131 450** নম্বরে কল করে **1800 955 588** নম্বরে TransGrid কে দিতে বলুন।
দোভাষী তখন আপনাকে অনুবাদের ক্ষেত্রে সহায়তা করবেন।

আমাদের সাথে
যোগাযোগ করুন

কমিউনিটি ইনফরমেশন লাইনঃ **1800 955 588**
ইমেইলঃ psf@transgrid.com.au
ওয়েবঃ transgrid.com.au/psf
ডাক ঠিকানাঃ **PO Box A1000 Sydney South NSW 1235**

